

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭৮-আইন/২০২৫/৩০৬-মুসক।- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে চা অপসারণ (বিশেষ) বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার বিধি ১৪ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত “ধারা ৪৬ (৬) অনুসারে পরবর্তী দুই কর মেয়াদে” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে “ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর দফা (গ) অনুসারে সেই কর মেয়াদ বা তৎপরবর্তী ছয়টি কর মেয়াদের মধ্যে” শব্দগুলি, সংখ্যাগুলি, চিহ্ন ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোহাঃ মসিউর রহমান)
প্রথম সচিব (মুসক নীতি)